জনসংযোগ অফিস
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১

Public Relations Office
Jahangirnagar University
Savar Dhaka Bangladesh
Phone: +88027791045-51

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
‘ বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা: বাংলাদেশ প্রেক্ষিত ’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত ॥
দক্ষতা অর্জনের জন্য কর্মকর্তাদের প্রশিক্ষণের আবশ্যকতা রয়েছে
-জাবি উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২ জুলাই ২০১৮।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে ‘বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা: বাংলাদেশ প্রেক্ষিত ’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। শনিবার দিনব্যাপী অনুষ্ঠিত এই কর্মশালা উদ্বোধন করেন প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম। উদ্বোধনী ভাষণে উপাচার্য বলেন, অফিস পরিচালনায় কর্মকর্তাদের দক্ষ হয়ে উঠতে হবে। যার দায়িত্ব তাকেই পালন করতে হবে। দক্ষতা অর্জনের জন্য কর্মকর্তাদের প্রশিক্ষণের আবশ্যকতা রয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ অধ্যাপক শেখ মো. মনজুরুল হক ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. মো. খালেদ। স্বাগত বক্তব্য রাখেন সদ্য বিদায়ী রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক। ধন্যবাদ জ্ঞাপন করেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার রহিমা কানিজ। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিসের উচ্চপদস্থ কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। বিশ্ববিদ্যালয় প্রশাসনের আয়োজনে কর্মশালায় টেকনিক্যাল সেশনে প্রশিক্ষণ দেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. মো. খালেদ, পরিচালক ড. সুলতান মাহমুদ ভূইয়া, ভারপ্রাপ্ত পরিচালক রেজাউল করিম হাওলাদার, মন্ত্রী পরিষদ বিভাগের উপ-সচিব মোহাম্মদ কামরুল হাসান, শিক্ষা মন্ত্রণালয়ের উপ-সচিব জাকিয়া পারভীন, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সিনিয়র সহকারী পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম প্রমুখ। প্রশিক্ষকগণ অফিস ব্যবস্থাপনায় প্রত্যেক অফিসারকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন এবং নতুন নতুন ধারণা ও কলা কৌশলে অভ্যস্ত হওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

পরিচালক
জনসংযোগ অফিস